



“জরুরী কোটেশন নোটিশ”

প্রধান প্রকৌশলীর দপ্তর,
ঢাকা বিশ্ববিদ্যালয়,
ঢাকা-১০০০

মেসার্স

নিম্নে বর্ণিত কাজগুলির জন্য “Request for Quotation Method-এ” অনুরূপ কাজের অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারদের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাইতেছে। কোটেশন সমূহ আগামী ২৮/০৯/২০২১ তারিখ দুপুর ১২.০০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলা যাইবে এবং ঐদিনই দুপুর ১২.৩০ মিনিটের সময় কোটেশন দাতাদের মধ্যে যদি কেহ উপস্থিত থাকিতে চাহেন তাহাদের সন্মুখে **Tender Opening Committee** কর্তৃক খোলা হইবে। আগ্রহী ঠিকাদারগণ কোটেশনের দিন ছাড়া সকল কার্য দিবসে প্রধান প্রকৌশলীর অফিস হইতে সিডিউল, নোটিশ ও শর্তাবলী ইত্যাদি (অফিস চলাকালীন সময়ে) সংগ্রহ করিতে পারিবেন। কাজের পূর্ণ বিবরণ নিম্নে দেওয়া হইল।

ক্রম নং	কাজের নাম	কাজ সম্পাদনের সময় সীমা
ক)	সলিমুল্লাহ মুসলিম হলের বাথরুমগুলির বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজ।	১৫ দিন
খ)	শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রধান ভবন, বহিত ও টিনশেড ভবনের বাথরুম ও টয়লেটের প্রয়োজনীয় বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজসহ প্রধান ভবন সংলগ্ন স্ট্রীট লাইট স্থাপন কাজ।	১৫ দিন

কোটেশনের সহিত প্রতিষ্ঠানের “আপ টু ডেট ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়ন পত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট জমা দিতে হবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন বা উহার অংশ বিশেষ বাতিল বা গ্রহন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সংরক্ষিত থাকিবে এবং কর্তৃপক্ষের রায়ই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোটেশনে অংশ গ্রহনকারী ঠিকাদারকে খামের উপর “কোটেশন” কথাটি লিখিয়া কাজের নাম ও তাহাদের ফার্মের নাম স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

স্বাক্ষরিত/=
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ জোন-১),
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং -প্রকৌঃ/বিদ্যুৎ ৩২৪ (১২)

তারিখঃ ২০/০৯/২০২১ খ্রিষ্টাব্দ
০৫/আশ্বিন/১৪২৮ বঙ্গাব্দ

অনুগ্রহক্রমে জন্ম স্মরণার্থে প্রেরিত হইবে -